# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ ০২-২২২২৩০০৪০-৪২

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone : 02-222230040-42
Office :02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০৬.২১-১০১ তারিখঃ ১৬-০৮-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

"ঠাকুরগাঁও জেলার টাংগন ব্যারেজ, বুড়ি বাঁধ ও ভুল্লি বাঁধ সেচ প্রকল্পসমূহ পুনর্বাসন; নদী তীর সংরক্ষণ ও সম্মিলিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পের "সেচ ব্যবস্থাপনায় নির্মিত বিভিন্ন ধরণের অবকাঠামোর মধ্যে যে সকল অবকাঠামোর অব্যবহৃত থাকার কারণে নদীর স্বাভাবিক প্রবাহ বন্ধ হয়ে নদীগুলো শুকিয়ে গেছে এবং নাব্যতা কমে যাওয়ায় নৌপথ বন্ধ হওয়ার উপক্রম হয়েছে - এ ধরণের অবকাঠামোর আদৌ প্রয়োজন আছে কিনা তা যাচাইয়ের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরির জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | পানি সম্পদ মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৩। | জনাব তানজির সাইফ আহমেদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী(পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব বেলাল উদ্দিন বিশ্বাস, উপ-প্রধান(পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী(পুর) পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব এ এইচ এম মঞ্জুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | ওয়ারপো, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৯। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁ পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রকল্প এলাকায় সেচ ব্যবস্থাপনার উদ্দেশ্যে নির্মিত বিভিন্ন অবকাঠামোসমূহের প্রয়োজনীয়তা যাচাইপূর্বক বিভিন্ন অংগের ভৌত কাজের দফাসমূহের প্রয়োজনীয় হ্রাস/ বৃদ্ধি, পরিমাণ ও ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণসহ বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন/অপসারণসহ অন্যান্য কাজের বা জল অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় হ্রাস-বৃদ্ধির কারন যাচাই করে করনীয়সমূহ সুপারিশ করবেন;

ঘ) বাপাউবো'র চলতি রেট সিডিউল, সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে বর্তমান ও পরিবর্তিত পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে বিভিন্ন অংগসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যর্থাথতা নিরূপণপূর্বক সংশোধিত প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণপূর্বক প্রয়োজানীয় সুপারিশমালা প্রতিবেদনে অর্ন্তভূক্ত করবেন;

ছ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা সম্পাদন প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy** (Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৬/৮/২১
(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁ পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।
৩। জনাব তানজির সাইফ আহমেদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী(পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৪। জনাব বেলাল উদ্দিন বিশ্বাস, উপ-প্রধান(পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী(পুর) পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব এ এইচ এম মঞ্জুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। জনাব মোবাশশেরুল ইসলাম, উপ-সচিব, পরিকল্পনা শাখা-৩, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৪১.৯৯.০১২.১৭-২৯ তারিখঃ ০৮ আগস্ট ২০২১ এর প্রেক্ষিতে।
২। মহাপরিচালক, ওয়ারপো, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৩। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৪। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৫। প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৭। যুগ্ম প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৯। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০-১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং- ২৮১ তারিখঃ ৯/৮/২১
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
তাগিদ পত্র দিন
১১/০৮/২০২১
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা